

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি  
কোটবাড়ী, কুমিল্লা

স্মারক নং-৪৭.৬৩.০০০০.০০১.১৪.০০১.১৮/২০৬০

তারিখঃ ০২/১১/২০২০ খ্রিস্টাব্দ

সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সাকুল্য বেতনে খামার সহায়ক পদে নিয়োজন বিজ্ঞপ্তি

বার্ড প্রদর্শনী মৎস্য খামারে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সাকুল্য বেতনে একজন খামার সহায়ক নিয়োজনের জন্য নিম্নে উল্লিখিত শর্তাবলীর আলোকে উপযুক্ত প্রার্থীগণের নিকট হতে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।


আবেদনের শর্তাবলী :

- ১) প্রার্থীকে অবশ্যই নির্ধারিত ফরম্যাটে আবেদনপত্র স্বহস্তে পূরণ করে আগামী ১০/১১/২০২০ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে ডাকযোগে অথবা সরাসরি আবেদনপত্র জমা দিতে হবে এবং আবেদনপত্রের সাথে ১(এক) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের ফটোকপি ও শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের ফরম্যাট বার্ডের মূল ফটকে পাওয়া যাবে এবং বার্ডের অফিসিয়াল ওয়েবসাইট ([www.bard.gov.bd](http://www.bard.gov.bd)) হতে ডাউনলোড করা যাবে।
- ২) ১০/১১/২০২০ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩৫ বছরের মধ্যে হতে হবে।
- ৩) প্রার্থীকে ন্যূনতম এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। তবে মৎস্য/কৃষি/পোল্ট্রি/ডেইরী খামার ব্যবস্থাপনায় অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। নিয়োজনের ক্ষেত্রে মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান বিভাগে অধ্যয়ন করেছে এমন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
- ৪) প্রার্থীকে কায়িক শ্রমে দক্ষ হতে হবে এবং মৎস্য খামারে দৈনিক মাছের খাদ্য প্রয়োগ, প্রয়োজনীয় ক্ষেত্রে চুন/সার/ওষধ প্রয়োগ, বায়োফ্লক ইউনিটের পরিচর্যা, বাগান পরিচর্যা সহ প্রকল্প পরিচালকের নির্দেশে আনুষঙ্গিক অন্যান্য কাজ করতে হবে। নিয়োজনপ্রাপ্ত হলে প্রার্থীকে সার্বক্ষণিক বার্ড প্রদর্শনী মৎস্য খামারে অবস্থান করতে হবে।
- ৫) নিয়োজনপ্রাপ্ত প্রার্থীর চাকুরী কোনোভাবেই বার্ডে নিয়মিত/স্থায়ী হিসেবে গণ্য হবে না এবং এ নিয়োজন ভবিষ্যতে বার্ড, কুমিল্লায় কোনো চাকুরীর স্বত্ব সৃষ্টি করবে না। খামার সহায়ক পদে নিয়োজন প্রাপ্ত প্রার্থীর বেতন আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে।
- ৬) অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য করা হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য, নিয়োজন কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োজনের পরেও অসত্য/ভুল/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে তাঁহার আবেদনপত্র নির্বাচন বা নিয়োজন সরাসরি বাতিল করা হবে।

আগ্রহী প্রার্থীগণকে প্রয়োজনীয় কাগজপত্রদি সহ নির্ধারিত ফরম্যাটে স্বহস্তে যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্র আগামী ১০/১১/২০২০ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে ডাকযোগে/সরাসরি পৌছানোর জন্য অনুরোধ করা যাচ্ছে। আবেদনকৃত প্রার্থীগণকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আগামী ১২/১১/২০২০ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় একাডেমির ৪নং শ্রেণীকক্ষে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। লিখিত পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার মূল সনদ, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এবং আবেদনপত্রের সাথে দাখিলকৃত অন্যান্য সনদের মূল কপি অবশ্যই সঙ্গে আনতে হবে।

অনুলিপি :

১. পরিচালক (প্রশাসন), বার্ড;
২. পরিচালক (প্রকল্প), বার্ড।
৩. নিয়োজন কমিটির সদস্যবৃন্দ, বার্ড।
৪. সহকারী পরিচালক (উন্নয়ন যোগাযোগ), বার্ড- বার্ড ওয়েবসাইটে প্রকাশের জন্য।
৫. হিসাব রক্ষণ কর্মকর্তা, বার্ড।
৬. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী- মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী- অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. সকল নোটিশ বোর্ড, বার্ড, বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা পলিটেকনিক ইন্সটিটিউট, টিটিসি, টিচার্স ট্রেনিং কলেজ, কুমিল্লা কৃষি ও কারিগরি কলেজ।
৯. অফিস কপি/মাস্টার কপি।

  
(মোঃ সফিকুল ইসলাম)

পরিচালক (পল্লী অর্থনীতি ও ব্যবস্থাপনা)

ও

আহ্বায়ক, নিয়োজন কমিটি

বার্ড প্রদর্শনী মৎস্য খামারে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সাকুল্য বেতনে খামার সহায়ক পদে নিয়োজনের  
আবেদন পত্র

(১ কপি পাসপোর্ট  
সাইজের ছবি সংযুক্ত  
করুন)

বরাবর  
পরিচালক (পল্লী অর্থনীতি ও ব্যবস্থাপনা)  
বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)  
কোটবাড়ী, কুমিল্লা।

- ১। আবেদনকারীর নাম (বাংলায়) :  
(ইংরেজিতে বড় অক্ষরে) :  
২। আবেদনকারীর জাতীয় পরিচয় পত্র নং :  
৩। আবেদনকারীর জন্ম তারিখ : ৪। ১০/১১/২০২০ তারিখে আবেদনকারীর বয়স: ..... বছর ..... মাস  
৫। মাতার নাম :  
৬। পিতার নাম :  
৭। ঠিকানা :

বর্তমান ঠিকানা		স্থায়ী ঠিকানা
বাসা ও সড়ক :		
গ্রাম/পাড়া :		
ইউনিয়ন :		
ডাকঘর :		
উপজেলা :		
জেলা :		

- ৮। যোগাযোগ : মোবাইল নং- ই-মেইল -  
৯। জাতীয়তা :  
১০। ধর্ম :  
১১। বৈবাহিক অবস্থা :  
১২। শিক্ষাগত যোগ্যতা :

পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণি/বিভাগ

- ১৩। অভিজ্ঞতার বিবরণ (প্রয়োজ্য ক্ষেত্রে) :

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

আবেদনকারীর স্বাক্ষর :  
তারিখ :